

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
আইন শাখা-১  
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)  
সচিবালয় লিংক রোড, ঢাকা।  
www.tmed.gov.bd

পত্র সংখ্যা- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৭১.১৯-২১৩

তারিখঃ ০১ ভাদ্র ১৪২৭ ব.  
১৬ আগস্ট ২০২০ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-৯৭৯১/২০১৯ মামলার বিষয়ে গৃহীত পদক্ষেপের সর্বশেষ অবস্থা অবহিতকরণ সংক্রান্ত।

সূত্র: (১) বামাশিবো'র স্মারক নং- বামাশিবো/প্রশাসন/২৩৩১৮১১৩২৩৭১ /নেত্রকোণা-৭৮/৩২৮২/৬, তারিখ: ০৩/৭/২০১৯ খ্রি.  
(২) টিএমইডি'র স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৭১.১৯-৫৭, তারিখ: ২৬/০১/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নেত্রকোনা জেলার পূর্বধলা উপজেলাধীন বড়হা জসমতিয়া দাখিল মাদ্রাসায় অবৈধভাবে নিয়োগপ্রাপ্ত সুপার-কে বাদ দিয়ে প্রতিষ্ঠানের স্বার্থে একজন যোগ্য সুপার নিয়োগদানের জন্য বর্ণিত প্রতিষ্ঠানের সভাপতি বরারব নির্দেশনা দিয়ে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক ০৩/৭/২০১৯ তারিখে সংখ্যক স্মারকে পত্র জারি করা হয়।

০২। বামাশিবো'র উক্ত স্মারকের সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করে সুপার. জনাব হসাইন আহমেদ কর্তৃক পিটিশনার হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৯৭৯১/২০১৯ মামলা দায়ের করা হয়। গত ০২/১২/১৯ তারিখে মহামান্য হাইকোর্ট কর্তৃক শুনানী অনিষ্পন্ন রেখে বামাশিবো'র উক্ত পত্রের কার্যক্রমকে ০৬ (ছয়) স্থগিত রাখার নির্দেশনা দিয়ে এক অন্তর্বর্তীকালীন আদেশ প্রদান করা হয়। উক্ত রিট মামলার বিষয়ে গৃহীত ব্যবস্থার তথ্যাদি জানানোর জন্য টিএমইডি হতে ২৬/১/২০ তারিখে সূত্রোক্ত (২) নং স্মারকমূলে মহোদয়-কে অনুরোধ জানানো হয়েছিল।

০৩। টিএমইডি'র উক্ত পত্রের প্রেক্ষিতে বামাশিবো কর্তৃক রিট পিটিশন নং-৯৭৯১/২০১৯ মামলাটি তড়িৎ নিষ্পত্তির বিষয়ে প্রয়োজনীয় আইনগত পদক্ষেপ গ্রহণ এবং দরখাস্তে বর্ণিত অভিযোগের বিষয়ে সমর্থনীয় কাগজপত্রসহ সুস্পষ্ট লিখিত ব্যাখ্যা বোর্ডে দাখিল করার জন্য মাদ্রাসা কর্তৃপক্ষকে ০৪/৩/২০ তারিখে পত্র প্রেরণ করা হয়। কিন্তু উক্ত পত্রের আলোকে চাহিত প্রয়োজনীয় তথ্যাদি মাদ্রাসা কর্তৃপক্ষ ০৯/৭/২০ তারিখ পর্যন্ত বামাশিবো-কে অবহিত করেননি মর্মে আলোচ্য পত্রের মাধ্যমে বিষয়টি অবহিত করা হয়েছে।

০৩। উল্লেখ্য- বামাশিবো'র ০৩/৭/২০১৯ তারিখের সূত্রোক্ত (১) নং পত্রের কার্যক্রমের উপর মহামান্য হাইকোর্টের ০২/১২/১৯ তারিখের স্থগিতাদেশ (০৬ মাস)-এর মেয়াদ ইতোমধ্যে অতিক্রান্ত হয়েছে বিধায় বামাশিবো'র উক্ত পত্রের নির্দেশনা বাস্তবায়নের বিষয়সহ আলোচ্য রিট মামলার সর্বশেষ অবস্থা জানা প্রয়োজন।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৯৭৯১/২০১৯ মামলার সর্বশেষ অবস্থা টিএমইডি-কে অবহিতকরণসহ বামাশিবো'র ০৩/৭/২০১৯ তারিখের সূত্রোক্ত (১) নং পত্রের নির্দেশনা বাস্তবায়নের হালনাগাদ তথ্যাদি আগামি ৩১/০৮/২০২০ তারিখের মধ্যে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(মো: আ: আলেক মিজা)  
সিনিয়র সহকারী সচিব (আইন)  
ফোন-৪১০৫০১৫৭।

চেয়ারম্যান  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড  
বকশীবাজার, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব (মাদ্রাসা-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। অফিস কপি/মাস্টার কপি।